

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৩৭  
আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

**রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন**

চারদিন ব্যাপী কর্মসূচির মধ্য দিয়ে বিশালগড়স্থিত রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। কর্মসূচির সূচনাপৰ্বে ১২ আগস্ট নেশামুক্তি সংকল্প সম্বন্ধীয় শপথ গ্রহণ করা হয়। মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকাবৃন্দ ও শিক্ষাকর্মীরা এতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৩ আগস্ট অনুষ্ঠিত হয় স্বনির্ভরতা ও বিকশিত ভারত শীর্ষক আন্তঃস্কুল রচনা প্রতিযোগিতা। ঐদিনই দক্ষক গ্রাম হরিশনগরের শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা আয়োজিত হয় এবং শিশুদের মধ্যে অঙ্গনসামগ্রী বিতরণ করা হয়। মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে শোগান রাইটিং কম্পিউটশনের মাধ্যমে ১৪ আগস্ট কর্মসূচির সূচনা হয়। এর অব্যবহিত পরে হর ঘর তিরঙ্গা কার্যক্রমের অঙ্গ হিসাবে বর্ণাত্য শোভাযাত্রা হরিশনগরের বিভিন্ন পথ পরিক্রমা করে ও গ্রামবাসীদের মধ্যে জাতীয় পতাকা বিতরণ করে। নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসাবে সচেতনতামূলক বক্তব্য রাখা হয়। ১৫ আগস্ট স্বাধীনতা দিবসে মহাবিদ্যালয় প্রাঙ্গণে পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের মর্ম মূর্তিতে মাল্যদানের পরে একটি সংক্ষিপ্ত অনুষ্ঠান আয়োজিত হয়। মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী ও অধ্যাপক-অধ্যাপিকাবৃন্দ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এর পর মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা স্বাধীনতা ও দেশাত্মক শীর্ষক স্বরচিত কবিতা লিখন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদের মধ্যে পুরস্কার ও শংসাপত্র প্রদান করা হয়।

\*\*\*\*\*